

তথ্যবিবরণী

নম্বর:৮১

মহান বিজয় দিবস উপলক্ষে ময়মনসিংহে
পুষ্পস্তবক অর্পণ ও কুচকাওয়াজ অনুষ্ঠিত

ময়মনসিংহ (শনিবার, ১৬ ডিসেম্বর)

শনিবার (১৬ ডিসেম্বর) মহান বিজয় দিবস। ১৯৭১ সালে দীর্ঘ ৯ মাস রক্তক্ষয়ী সংগ্রামের পর ১৬ ডিসেম্বরে অর্জিত হয় কাঙ্ক্ষিত বিজয়। সারাদেশের ন্যায় ময়মনসিংহে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়। দিনব্যাপী কর্মসূচী সমূহের অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। ৩১ বার তোপধ্বনির মাধ্যমে মহান বিজয় দিবসের শুভসূচনা করা হয়। সূর্যোদয়ের পর নগরীর মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

মহান বিজয় দিবস উপলক্ষে সকালে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে প্রথমে শ্রদ্ধা নিবেদন করেন সংসদ সদস্য (নারী সংরক্ষিত মহিলা আসন) মনিরা সুলতানা মনি। এছাড়াও পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো: ইকরামুল হক টিটু, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি শাহ আবিদ হোসেন, স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমদ, ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, ময়মনসিংহ পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞাসহ প্রমুখ। এ সময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক দল ও তার অঙ্গ সংগঠন, জেলা মুক্তিযোদ্ধা সংসদ, ময়মনসিংহের বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের প্রতিনিধিগণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন স্তরের জনগণ।

পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী সকাল ৮:০০ টায় নগরীর রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন অনুষ্ঠিত হয়। অভিবাদন মঞ্চে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, ময়মনসিংহ-রেঞ্জ ডিআইজি শাহ আবিদ হোসেন, জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী এবং পুলিশ সুপার মাসুম আহাম্মদ ভূঞা। এ সময় উপস্থিত অতিথিগণ জাতীয় সংগীতের সাথে পতাকা উত্তোলন এবং বেলুন, ফেস্টুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন।

পরে জেলার পুলিশ দল, ব্যাটেলিয়ন আনসার, আনসার ভিডিপি, ফায়ার সার্ভিস সহ জেলার বিভিন্ন স্কুল প্রতিষ্ঠানের স্কাউট দল অভিবাদন মঞ্চে উপস্থিত অতিথিগণদের কুচকাওয়াজের মাধ্যমে সম্মান প্রদর্শন করেন এবং জেলার নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি শিশু পরিবার, বিদ্যাময়ী সরকারি উচ্চ বিদ্যালয়, পুলিশ লাইন উচ্চ বিদ্যালয় সহ বিভিন্ন স্কুল প্রতিষ্ঠান তাদের শারীরিক কসরত উপস্থাপন করেন।

এ সময় বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাদের পক্ষ থেকে জাতীয় পতাকা নতুন প্রজন্মের কাছে হস্তান্তর করা হয়। বীর মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড এবং ময়মনসিংহ জেলা স্কুল স্কাউট দলকে এই পতাকা হস্তান্তর করা হয়।

এর আগে আঞ্চলিক তথ্য অফিস, পিআইডি ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান তাঁর নেতৃত্বে অফিসের কর্মকর্তা-কর্মচারী সহ মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

#